

💵 প্রশোত্তরে রমযান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

ঈদের সালাত থেকে বাড়ী ফিরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমে কোন কাজটি করতেন?

দু'রাকাত নফল সালাত আদায় করতেন। সাহাবী আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু বলেছেন,

أَنَّهُ كَانَ لاَ يُصلِّى قَبْلَ الْعِيْدِ شَيْئًا فَإِذَا رَجَعَ إِلَى مَنْزِلِهِ صلَّى رَكْعَتَيْنِ

নাবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম (ঈদের দিন ফজরের সালাতের পর থেকে) ঈদের সালাতের পূর্ব পর্যন্ত মধ্যবর্তী সময়ে কোন প্রকার সুন্নাত নফল সালাত পড়েন নি। (ঈদগাহ থেকে) বাড়ী ফিরেই তিনি প্রথমে দু'রাক'আত (সুন্নাত) সালাত আদায় করতেন। (ইবন মাজাহ : ১২৯৩)

উল্লেখ্য যে, ঈদের সময় আত্মীয়স্বজনের বাড়ীতে বেড়াতে যাওয়া, তাদের খোঁজ খবর নেয়া, তাদেরকে দাওয়াত দেয়া এগুলো উত্তম ইবাদত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2647

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন